

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
খাদ্য মন্ত্রণালয়  
সমন্বয় ও সংসদ অধিশাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

শুদ্ধাচার বিষয়ক ৩য় সভার কার্যবিবরণী।

সভাপতি	শাহাবুদ্দিন আহমদ ভারপ্রাপ্ত সচিব
সভার তারিখ	২৭.০৩.২০১৮ খ্রি.
সভার সময়	দুপুর ১২-০০ মিনিট
স্থান	মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ
উপস্থিতি	সভায় উপস্থিত কর্মকর্তাগণের হাজিরা পরিশিষ্ট-'ক'তে দেখানো হলো।

নৈতিকতা কমিটির সভায় উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। অতঃপর সভার আলোচ্য বিষয় উপস্থাপনের জন্য কমিটির সদস্য সচিবকে আহ্বান জানান। সদস্য সচিব তথা যুগ্ম-সচিব (সমন্বয় ও সংসদ) সভাকে অবহিত করেন যে, অধিনস্থ সংস্থা এবং মাঠ পর্যায়ে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো, ২০১৭-২০১৮ প্রণয়নে নির্দেশিকা ও 'ছক'সহ অনুসরণীয় তথ্যাদি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য খাদ্য অধিদপ্তর এবং বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা হয়। ২০১৭-২০১৮ অর্থ বছরের শুদ্ধাচার পুরস্কার-২০১৭ প্রদানের জন্য নীতিমালা-২০১৭ সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট প্রেরণ করা হয়েছে। পরবর্তীতে নীতিমালা-২০১৭ স্পষ্টীকরণ করা হয়। উক্ত নীতিমালার কপিও সংশ্লিষ্ট শাখা/ অধিশাখা/ দপ্তর/ সংস্থা প্রধানদের নিকট প্রেরণ করা হয়। সভায় কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতির ২য় কোয়ার্টারের খসড়া উপস্থাপন করেন। ২০১৭-২০১৮ অর্থ বছরের লক্ষ্যমাত্রা এবং অর্থ বছরের ৪টি কোয়ার্টারে বাস্তবায়নযোগ্য লক্ষ্যমাত্রা ইত্যাদি নির্ধারণে নৈতিকতা কমিটির সকল সদস্য সক্রিয়ভাবে আলোচনায় অংশ গ্রহণ করেন। সভাপতি জাতীয় শুদ্ধাচার কৌশলের ফোকাল পয়েন্ট তথা যুগ্ম-সচিব (সমন্বয় ও সংসদ)কে ৩১.০৩.২০১৮ খ্রি. তারিখের মধ্যে ৩য় কোয়ার্টার প্রণয়নপূর্বক মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন। অতঃপর বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

- (ক) জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা (২০১৭-২০১৮) বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন (৩য় কোয়ার্টার) মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করার ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- (খ) জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা (২০১৭-২০১৮) বাস্তবায়নে কার্যকর ভূমিকা পালন করতে হবে;
- (গ) মন্ত্রিপরিষদ বিভাগের সিদ্ধান্ত অনুযায়ী শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা-২০১৭ অনুযায়ী সংশ্লিষ্ট কমিটির সদস্যদের নিয়ে সভা আহ্বানের ব্যবস্থা গ্রহণ করা হবে।

২। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

শাহাবুদ্দিন আহমদ  
ভারপ্রাপ্ত সচিব

স্মারক নম্বর: ১৩.০০.০০০০.০২৪.২৭.০০১.১৭.১৭

তারিখ: ১৯ চৈত্র ১৪২৪

০২ এপ্রিল ২০১৮

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) সচিব, সমন্বয় ও সংস্কার, সচিব, সমন্বয় ও সংস্কার-এর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২) অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, খাদ্য মন্ত্রণালয়
- ৩) অতিরিক্ত সচিব, সংগ্রহ ও সরবরাহ অনুবিভাগ, খাদ্য মন্ত্রণালয়

- ৪) যুগ্ম সচিব, বাজেট ও অডিট অনুবিভাগ, খাদ্য মন্ত্রণালয়
- ৫) জনাব মোহাম্মাদ মাহফুজুল হক, চেয়ারম্যান, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
- ৬) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ৭) মহাপরিচালক (এফপিএমইউ), খাদ্য মন্ত্রণালয়
- ৮) যুগ্ম সচিব, প্রশাসন-১ অধিশাখা, খাদ্য মন্ত্রণালয়
- ৯) সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সচিবের দপ্তর, খাদ্য মন্ত্রণালয়
- ১০) প্রোগ্রামার, আইসিটি সেল, খাদ্য মন্ত্রণালয়



শিরীনা দেলহর  
যুগ্ম সচিব